

১৮ তম ভারত-ইরান যৌথ কমিশনের বৈঠক

ভারত-ইরান ১৮ তম যৌথ কমিশনের বৈঠক নয়াদিল্লিতে ২৪ ডিসেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। যৌথভাবে বৈঠকের পৌরহিত্য করেন ভারতের বিদেশমন্ত্রী (ইএএম) এবং ইরান ইসলামিক যুক্তরাষ্ট্রের অর্থ ও অর্থনৈতি বিষয়ক মন্ত্রী মাননীয় আলি তায়েবনিয়া।

মাননীয় আলি তায়েবনিয়া ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেন। প্রধানমন্ত্রী চলতি বছরের শুরুতে ইরান ইসলামিক যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের সঙ্গে উফায় তাঁর বৈঠকের কথা স্মরণ করেন এবং ইরানের সঙ্গে ভারতের অর্থনৈতিক সহযোগিতার পরিমাণ আরও প্রসারিত করার উপর জোর দেন।

যৌথ কমিশনের বৈঠকে (জেসিএম) ইএএম বলেন, ইরানকে এক গুরুত্বপূর্ণ জোটসঙ্গী হিসাবে গণ্য করে ভারত এবং বিবিধক্ষেত্রে দু'দেশের ক্রমবর্ধমান যোগাযোগের জন্য সন্তোষ প্রকাশ করেন। দ্বিপাক্ষিক স্তরে শক্তি, পরিকাঠামো—যেমন জাহাজ পরিবহন, নৌবন্দর এবং রেলওয়ে এবং শিল্প-বাণিজ্য সহযোগিতা বৃদ্ধির যে প্রচেষ্টা চলছে, তার উল্লেখ করেন তিনি। ভারতের উদ্যোগে চাবাহার বন্দরের মাধ্যমে যোগাযোগ রক্ষার দ্বারা আফগানিস্তান ও মধ্য এশিয়ার সঙ্গে ভারত যুক্ত হবে, এ কথাও জোর দিয়ে বলেন তিনি। ইরানের তরফে চাবাহার বন্দর, চাবাহার মুক্ত বাণিজ্য এলাকা (এফটিজেড) গঠন

এবং এফটিজেড এলাকায় শিল্পাঞ্চল গড়ে তোলার
ক্ষেত্রে ভারতের সরকারি ও বেসরকারি সেক্টরকে
অংশ নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

ফরজাদ বি এলাকায় ভারতের অংশগ্রহণের জন্য
প্রয়োজনীয় সব ধরণের বিধিকৌশল যত দ্রুত সম্ভব
সমাপ্ত করার উপর জোর দিয়েছেন ইএএম এবং
ইরানের অন্যান্য তেল ও গ্যাস উত্তোলন
কেন্দ্রগুলিতে ভারতের অংশগ্রহণের ইচ্ছার কথাও
চিহ্নিত করেছেন।

দুই মন্ত্রী বাণিজ্য এবং আর্থিক সহযোগিতা এবং এই
সমন্বিত অন্যান্য ক্ষেত্রে উন্নতির হার পর্যালোচনা
করেন এবং রেলপথ সহযোহিতা-সহ রেল সরবরাহ,
রোলিং স্টক, সিগন্যালিং ও অন্যান্য কাজকর্ম এবং
চাবাহার জাহেদান-মাশাদ রেলওয়ে লাইনে
সহযোহিতার সম্ভাবনার কথা আলোচনা করেছেন।

জেসিএম-এ এর পর শিল্প-বাণিজ্য বিষয়ক (১৮-১৯
নভেম্বর, ২০১৫) জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ
(জেডালিউজি), শক্তি বিষয়ক জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ
(২৬ ডিসেম্বর, ২০১৫) এবং পরিকাঠামো বিষয়ক
জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ (২৬ ডিসেম্বর, ২০১৫)-এর
বৈঠকগুলি সম্পন্ন হয়েছে।

নয়াদিল্লি

২৮ ডিসেম্বর, ২০১৫